103

দৈনিক ইনকিলাব

তারিখ SEP 5 1999
পৃষ্ঠা ৫ কলাম ৪

মতামতের জন্য সম্পাদক দায়ী নন

## পরীক্ষার ফলাফল পত্রিকায় দেয়া হোক

বিগত কয়েক বছর পূর্বে সকল পরীক্ষার ফলাফল পত্রিকার মাধ্যমে প্রকাশিত হতো। কিন্তু প্রায় তিন-চার বছর যাবত তা পত্রিকায় দেয়া বন্ধ হয়ে যায়। যার জন্য পরীক্ষার ফলপ্রার্থীদের নানা সমস্যা হয়। কারণ অধিকাংশ পরীক্ষার্থীই পরীক্ষা দিয়ে আর বসে থাকে না। তারা বিভিন্ন উদ্দেশ্যে দেশের বিভিন্ন জায়গায় চলে যায়। যার জন্য পরীক্ষার ফল প্রকাশিত হওয়ার সময় পরীক্ষার্থীর পরীক্ষা কেন্দ্রে ফলাফল জানার জন্য আসা সম্ভব হয় না। তখন তাকে টেনশনযুক্ত হয়ে অপেক্ষা করতে হয় বন্ধু-বান্ধব বা অভিভাবকের চিঠির। বন্ধু-বান্ধব বা অভিভাবক চিঠি দিয়ে তাকে ফলাফল জানাবে, আর চিঠি আসা-যাওয়ারও কোনো নিশ্চয়তা থাকে না। তাই পরীক্ষার ফলপ্রার্থীদের এক বুক হতাশা নিয়ে থাকতে হয়। অথচ যদি পত্রিকায় ফলাফল প্রকাশিত হতো তাহলে পরীক্ষার্থী পত্রিকা থেকে তার কাংক্ষিত ফলাফল জানতে পারতো এবং টেনশনমুক্ত হতে পারতো। তাই শিক্ষামন্ত্রীর নিকট পরীক্ষার্থীদের অবস্থার কথা স্মরণ করে আবার সকল পরীক্ষার ফলাফল পত্রিকায় প্রকাশ করার জন্য অনুরোধ করছি।

—মোঃ সালাহউদ্দিন শামীম, মিরপুর-১